

মদন পৌরসভা কার্যালয়

জাহাঙ্গীরপুর, উপজেলা-মদন

জেলা-নেত্রকোণা।

madanpoum@gmail.com

স্মারক নং-ম/পৌ/২০২৫/০৬

তারিখঃ ১২-০১-২০২৬ ইং।

অটো স্ট্যান্ড (খাদ্য গুদাম সংলগ্ন) ইজারা বিজ্ঞপ্তি ১৪৩২ বাংলা সন। (২য় বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মদন পৌরসভাধীন নিম্নে তফসিল 'ক' বর্ণিত অটো স্ট্যান্ড (খাদ্য গুদাম সংলগ্ন) ইজারা বিজ্ঞপ্তি ১৪৩২ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণ ইচ্ছুক ব্যক্তি ও প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র সিডিউল তফসিল 'খ' এ বর্ণিত সময় মোতাবেক নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়সহ ক) জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন, গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মদন, ঘ) ব্যবস্থাপক সোনালী ব্যাংক, মদন শাখা, ঙ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, মদন থানা হতে অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতীত) নগদ মূল্যে (অফেরাত যোগ্য) জমা করা যাবে। উল্লেখ্য যে, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ও জেলা প্রশাসকের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাকের নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ করা হবে।

উল্লেখ্য যে, প্রথম বারের প্রাপ্ত সর্বোচ্চ দর যদি কাঙ্ক্ষিত দর সরকারী মূল্য অপেক্ষা কম হয় তবে পর্যায়েক্রমে না পাওয়া পর্যন্ত ইজারা বিজ্ঞপ্তি কার্যক্রম পরিচালিত হবে।

তফসিল (ক)

ক্রমিক নং	ইজারার নাম	সরকারী মূল্য	সিডিউলের মূল্য
০১	অটো স্ট্যান্ড (খাদ্য গুদাম সংলগ্ন)	৫,০০,০০০/-	১,৮০০/-

তফসিল(খ)

১ম বার
দরপত্র বিক্রয় শুরু ও শেষের তারিখ ১২-০১-২০২৫ইং হইতে ১৯-০১-২০২৬ইং পর্যন্ত
দরপত্র দাখিলের তারিখ ও সময় ২০-০১-২০২৬ইং, বিকাল ২.৩০ ঘটিকা পর্যন্ত
দরপত্র খোলার তারিখ ও সময় ২০-০১-২০২৬ইং, বিকাল ৩.০০ ঘটিকায়

এতদসংক্রান্ত যে কোন তথ্য নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।


(বেদবতী মিস্ত্রী)

প্রশাসক

মদন পৌরসভা, নেত্রকোণা।

শর্তাবলী

- ০১। বাংলা ১৪৩২ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত মেয়াদ কালের জন্য অস্থায়ীভাবে ইজারা দেয়া হবে।
- ০২। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, মদন পৌরসভা এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে জমা রাখতে হবে। ইজারা গ্রহিতা নিয়মিত স্ট্যান্ড নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তা সমন্বয় করা হইবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হইবে।
- ০৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ভাগ)অর্থ এবং মোট দাখিল দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একসঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় স্ট্যান্ডের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পূর্ণরায় ইজারা গ্রহন করা হইবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট ইজারা মূল্য সরকারী মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- ০৫। সর্বোচ্চ ডাককারীকে পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০(তিনশত)টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন করতে হবে।
- ০৬। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ অংশ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৭। এতদসংক্রান্ত যে কোন তথ্য নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।



(বেদবতী মিত্রী)
প্রশাসক

মদন পৌরসভা, নেত্রকোণা।
তারিখ : ১২-০১-২০১৬ ইং।

স্মারক নং-ম/পৌ/২০২৫/৪৬/১(১০০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ০৩। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা।
- ০৬। সহকারী কমিশনার(ভূমি), মদন, নেত্রকোণা।
- ০৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোণা।
- ০৮। উপজেলা প্রকৌশলী, মদন, নেত্রকোণা।
- ০৯। সাব-রেজিস্টার অফিস, মদন, নেত্রকোণা।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মদন থানা, নেত্রকোণা।
- ১১। জনাব,.....সদস্য, মদন পৌরসভা, নেত্রকোণা।
- ১২। সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব, মদন, নেত্রকোণা।
- ১৩। পৌর নির্বাহী কর্মকর্তা, মদন পৌরসভা, নেত্রকোণা।
- ১৪। সহকারী প্রকৌশলী, মদন পৌরসভা, নেত্রকোণা।
- ১৫। হিসাব রক্ষক, মদন পৌরসভা, নেত্রকোণা।
- ১৬। নোটিশ বোর্ড।
- ১৭। সংরক্ষণ নথি।


(বেদবতী মিত্রী)
প্রশাসক

মদন পৌরসভা, নেত্রকোণা।